

বণিক বার্তা, ২০২১-১০-১৪, পৃষ্ঠা- ১০

## এডি সায়েন্টিফিক ইনডেক্স র্যাংকিং দেশসেরা বেসরকারি বিশ্ববিদ্যালয় ইডব্লিউইউ



বিশ্বের গুরুত্বপূর্ণ  
র্যাংকিং 'এডি  
সায়েন্টিফিক  
ইনডেক্স ২০২১'-

এ বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম অবস্থানে রয়েছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় (ইডব্লিউইউ)। এ তালিকায় সরকারি ও বেসরকারি সম্মিলিতভাবে দেশে প্রথম হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সম্মিলিত তালিকায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় চতুর্থ, দ্বিতীয় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং তৃতীয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

বিশ্বের ২০৬টি দেশের ১৩ হাজার ৫৩০টি বিশ্ববিদ্যালয়ের তথ্য-উপাত্ত নিয়ে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' তাদের ওয়েবসাইটে এ র্যাংকিং প্রকাশ করেছে। এ তালিকায় বিশ্বে প্রথম হয়েছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। গত পাঁচ বছরের বিভিন্ন বৈজ্ঞানিক উপাত্ত এবং গুগল সাইটেশনের ওপর ভিত্তি করে মোট নয়টি প্যারামিটার ব্যবহার করে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' প্রকাশ করা হয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ৪০ জন শিক্ষক এ এডি সায়েন্টিফিক ইনডেক্সের সেরা বিজ্ঞানী র্যাংকিংয়ে স্থান পেয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের এমন অসাধারণ অর্জনে অভিনন্দন জানিয়েছেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। —বিজ্ঞপ্তি